# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৫

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৫৬. দাড়ি খিলাল করা

باب تَخْلِيلِ اللِّحْيَةِ

আরবী

حَدَّثَنَا أَبُو تَوْبَةَ، - يَعْنِي: الرَّبِيعَ بْنَ نَافِعٍ - حَدَّثَنَا أَبُو الْمَلِيحِ، عَنِ الْوَلِيدِ بْنِ زَوْرَانَ، عَنْ أَنَسٍ، - يَعْنِي ابْنَ مَالِكٍ - أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم كَانَ إِذَا تَوَضَّأَ أَخَذَ كَفًّا مِنْ مَاءٍ فَأَدْخَلَهُ تَحْتَ حَنَكِهِ، فَخَلَّلَ بِهِ لِحْيَتَهُ وَقَالَ " هَكَذَا أَمَرَنِي رَبِّي عَزَّ وَجَلَّ " . قَالَ أَبُو دَاوُدَ ابْنُ زَوْرَانَ رَوَى عَنْهُ حَجَّاجُ بْنُ حَجَّاجٍ وَأَبُو الْمَلِيحِ الرَّقِّيُّ .

- صحيح

বাংলা

১৪৫। আনাস ইবনু মালিক (রাঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অযু করার সময় হাতে এক অঞ্জলি পানি নিতেন। তারপর ঐ পানি চোয়ালের নিম্নদেশে (থুতনির নীচে) লাগিয়ে দাড়ি খিলাল করতেন এবং বলতেনঃ আমার মহান প্রতিপালক আমাকে এরূপ করারই নির্দেশ দিয়েছেন।[1]

সহীহ।

## English

Narrated Anas ibn Malik:

Whenever the Messenger of Allah (ﷺ) performed ablution, he took a handful of water, and, putting it under his chin, made it go through his beard, saying: Thus did my Lord command me.

ফুটনোট

[1] বায়হাক্বী ‘সুনানুল কুবরা’ (১/৫৪), হাকিম (১/১৪৯)। আলবানী একে ইরওয়াউল গালীল। (১/১৩০) এ বর্ণনা করেছেন। এর সানাদ সহীহ, রিজাল নির্ভরযোগ্য। তবে সনদের ইবনু যাওরান ব্যতীত। ইবনু হিব্বান তাকে ‘সিক্বাত’ গ্রন্থে উল্লেখ করেছেন।

-

হাদীস থেকে শিক্ষাঃ

উযুতে দাড়ি খিলাল করা শারীআত সম্মত। আহলি ‘ইলমগণের উক্তি মতে, তা মুস্তাহাব।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57463

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন